

# ষুণাত্ম

প্রিন্ট: ০৫ মে ২০২৫, ০৩:৫০ পিএম

## শিক্ষাত্মক

# ভিসির পদত্যাগ দাবিতে আন্দোলনে বৰি শিক্ষার্থীরা



বরিশাল বুয়ো

প্রকাশ: ০৫ মে ২০২৫, ০৩:২২ পিএম



বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) ভিসি ড. শুচিতা শারমিনের পদত্যাগ দাবিতে আন্দোলন করছে বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। পদত্যাগের এক দফা দাবিতে সোমবার দুপুরে ক্যাম্পাসে অবস্থান কর্মসূচি ও সমাবেশ শেষে মিছিল করেছে তারা।

দুপুরে ববির প্রশাসনিক ভবনের সামনে অনুষ্ঠিত অবস্থান কর্মসূচি ও সমাবেশে বক্তব্য রাখেন শিক্ষার্থীরা। তারা বলেন, ক্যাম্পাসের নানা সমস্যা নিয়ে ২২ দফা দাবি ছিল আমাদের। কিন্তু উপাচার্য সেসব দাবি না মেনে উল্টো আন্দোলনকারীদের বিরুদ্ধে মামলা দিয়েছেন। এখানে ফ্যাসিস্টদের পুনর্বাসনের পাশাপাশি প্রশাসনে ফ্যাসিবাদ কার্যক্রম করেছেন তিনি। মামলা প্রত্যাহারের দাবি জানানো হলে উল্টো আমাদের কাছে মুচলেকা চান তিনি।

বক্তব্য আরও বলেন, বর্তমান পরিস্থিতিতে উপাচার্যকে অপসারণের এক দফা দাবি নিয়ে আমরা আন্দোলনে নেমেছি। তাকে অপসারণ না করা পর্যন্ত এ আন্দোলন চলবে।

অবস্থান কর্মসূচি ও সমাবেশ শেষে বিশ্ববিদ্যালয় এলাকায় বিক্ষোভ মিছিল করে আন্দোলনরত শিক্ষার্থীরা। মিছিলে ভিসির অপসারণ দাবিতে নানা স্নেগান দেয় তারা।

এর আগে রোববার দুপুরে ববি উপাচার্যের অপসারণে একদফা দাবিতে সংবাদ সম্মেলন করেছেন শিক্ষার্থীরা। ওই সময় অপসারণ না করা হলে বিশ্ববিদ্যালয়সহ গোটা দক্ষিণাঞ্চল শাটডাউন করে দেওয়ার হঁশিয়ারি দেওয়া হয়।